



তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৫

খেলাধুলা ও সংস্কৃতির চর্চা বাড়াতে হবে---খাদ্যমন্ত্রী

রাজশাহী ; ০২ শ্রাবণ (১৭ জুলাই) :

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, বাংলাদেশ এখন তলাবিহীন ঝুড়ি নয়। সমৃদ্ধির পথে দ্রুত এগিয়ে চলা একটি দেশের নাম।

তিনি আজ রাবিবার দুপুরে নিয়ামতপুর বহুমুখী সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

খাদ্যমন্ত্রী বলেন, আজকের শিশু কিশোর আগামী দিনের ভবিষ্যৎ কর্ণধার। সুনাগরিক হয়ে তারাই উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়বে, বঙ্গবন্ধুর স্বপ্নকে বাস্তবে রূপ দিবে।

শিশুর জন্য সমৃদ্ধ ও মাদকমুক্ত দেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করে সাধন চন্দ্র মজুমদার বলেন, মাদকমুক্ত বাংলাদেশ গড়া এখন আমাদের সামনে বড় চ্যালেঞ্জ। নতুন প্রজন্মকে মাদকমুক্ত রাখতে লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা ও সংস্কৃতির চর্চা বাড়াতে হবে। এ লক্ষ্যকে সামনে রেখেই প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারা দেশে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্ট আয়োজন করেন। এ প্রচেষ্টা দেশে ফুটবলের নবজাগরণ সৃষ্টি করেছে। এ টুর্নামেন্ট ভালো মানের অনেক ফুটবলার তৈরি করেছে। আমাদের দেশের মেয়েরা আন্তর্জাতিক টুর্নামেন্টে সফলতা অর্জন করে দেশের জন্য গৌরব বয়ে এনেছে।

এসময় পদ্মাসেতুর প্রসঙ্গ টেনে বিএনপির সমালোচনা করে খাদ্যমন্ত্রী বলেন, তারা পদ্মাসেতু নির্মাণ করতে পারেনি, বরং বিরোধিতা করেছে। বাংলাদেশ আওয়ামীলীগ শত বাধার পরও জাতির মর্যাদার প্রতীক পদ্মাসেতু তৈরি করেছে।

নিয়ামতপুর উপজেলা নির্বাহী অফিসার আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান ফরিদ আহমেদ।

টুর্নামেন্টে বালিকা গ্রন্পে কানইল সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বালক গ্রন্পে চাপড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হওয়ার যোগ্যতা অর্জন করে।

পরে খাদ্যমন্ত্রী বিজয়ী দলের খেলোয়াড়দের হাতে পুরস্কার তুলে দেন। #####

.....
তৌহিদুজ্জামান/সিকান্দার/রঞ্জল/হালিম/২০২২/১৫.২০ ঘ.